দৈনিক ইনকিলাব

তারিখ ... [illegible] SEP 1986 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 3 ...

162

# শিক্ষাঙ্গনে

## সংবাদপত্রে মাদ্রাসা পরীক্ষার ফলাফল

সম্প্রতি "এসএসসি" পরীক্ষার ফলাফল বের হয়েছে এবং জাতীয় সংবাদপত্রসমূহ এর ফলাফল প্রকাশ করেছে। ছাত্রগণ এতে যেমন উপকৃত হয়েছে তেমন আনন্দও পেয়েছে প্রচুর। সম্প্রতি "দাখিল" পরীক্ষার ফলাফলও বের হয়েছে, কিন্তু দুঃখের সাথেই বলতে হচ্ছে, বাংলাদেশে এতগুলো দৈনিক পত্রিকা থাকা সত্ত্বেও দুই একটি পত্রিকায় শুধুমাত্র মেধাতালিকার ফলাফলগুলো প্রকাশ করেছে।

পরিশেষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, সরকার, কর্তৃপক্ষ ও এ দেশের পত্রিকা সম্পাদকদের নিকট একান্ত অনুরোধ যে, আসন্ন '৮৬ সালের "আলিম", "ফাজিল" ও "কামিল" পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করে মাদ্রাসা ছাত্রদের এই অসহনীয় দুর্ভোগ থেকে যেন পরিত্রাণ দেন।

—মোঃ হারুনুর রশিদ চৌঃ
ফাজিল পরীক্ষার্থী,
ছোবাহানিয়া আলিয়া মাদ্রাসা
পাথর ঘাটা, চট্টগ্রাম।